


আগামী

প্রজন্মের তথ্য

স্থানান্তর প্রযুক্তি 'থান্ডারবোল্ট'

ইন্টেল আগামী প্রজন্মের জন্য তথ্য আদান-প্রদানের এক নতুন প্রযুক্তির ঘোষণা দিয়েছে। প্রযুক্তিটির নাম 'থান্ডারবোল্ট ইন্টারফেস'। এর অন্যতম প্রধান সুবিধা হলো, এটি ডেটা বা তথ্য আদান-প্রদানে অনেক গতিশীল হবে।

এর গতি হবে প্রতি সেকেন্ডে ২০ গিগাবাইট পর্যন্ত। এটি দিয়ে দ্বিমুখী ডেটা আদান-প্রদান করা



যাবে। শুধু তা-ই নয়, কম্পিউটার সিস্টেমে শুধু আগের মতো ইনপুট দিয়ে এর মাধ্যমে দ্বিগুণ গতি পাওয়া যাবে। লাস ভেগাসে ন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ব্রডকাস্টার্সের (এনএবি) প্রদর্শনী চলাকালীন এ ঘোষণা দেওয়া হয়েছিল।

প্রথম আলো

হুস্পতিবার, ১১ এপ্রিল ২০১৩

আগামী প্রজন্মের থান্ডারবোল্ট প্রযুক্তি (যার কোড নাম ফ্যালকন রিজ) প্রস্তাব করেছে, এটি এককালীন ৪কে ভিডিও ফাইল স্থানান্তর ও প্রদর্শন করতে পারবে এবং প্রতি সেকেন্ডে ২০ গিগাবাইট পর্যন্ত সঞ্চালিত হবে।

দেখা গেছে, ৪কে ফাইল ১০৮০পি ভিডিও ফাইলের তুলনায় অনেক বেশি ভারী।

নতুন ইন্টারফেসটি আগের প্রজন্মের পিছিয়ে থাকা থান্ডারবোল্ট তার এবং সংযোগের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে, যা আপনি খেলাধুলায় নতুন ইন্টারফেস ডিভাইসের সঙ্গে ব্যবহার করতে সক্ষম হবেন।

ইন্টেল দাবি করেছে, থান্ডারবোল্টের প্রায় ২০০ লাইসেন্স আছে এবং অনেক বেশি সামঞ্জস্যপূর্ণ যন্ত্র আছে। আগামী কয়েক মাসের মধ্যে এটি নতুন পাতলা তারের মাধ্যমে শুরু করা হবে বলে আশা করা হচ্ছে। তবে ইন্টেলের এই প্রযুক্তি এখনই সাধারণ ব্যবহারকারীদের হাতে আসছে না।

এটি আগামী ২০১৪ সালে বাজারে আসবে বলে ধারণা করা হচ্ছে।

—এনডিটিভি অবলম্বনে প্রদীপ
সাহা